

# মেয়র আনিসুল হকের ওয়ার্ড পরিক্রমা

প্রকাশিত : ০৪ :৩১, ২৮ মে ২০১৫

## মেয়র আনিসুল হকের ওয়ার্ড পরিক্রমা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক মঙ্গলবার ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১৫, ১৮, ১৯ ও ২০ নং ওয়ার্ডের বিভিন্ন এলাকা পরিদর্শন করেন। তিনি এসব ওয়ার্ডের বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম, মশক নিয়ন্ত্রণ, ড্রেনেজ ব্যবস্থা, রাস্তা-ঘাটের অবস্থা, সড়ক বাতি ইত্যাদি বিষয় সরজমিনে প্রত্যক্ষ করেন। পরিদর্শনকালে তিনি রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দিন আহমদ পার্কের প্রয়োজনীয় সংস্কার, কুড়িল ফ্লাইওভারের পাশের রাস্তাসহ অন্য রাস্তার অবৈধ বিলবোর্ড অপসারণ এবং বনানী সুপার মার্কেট সংলগ্ন কারপার্ক এবং ফুটপাথ হতে অবৈধ দোকান-পাট উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ প্রদান করেন। তিনি বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় স্থাপিত দুই-তৃতীয়াংশ বিলবোর্ড অবৈধ। এসব বিলবোর্ড অপসারণে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হবে। জলাবদ্ধতার বিষয়ে তিনি বলেন, গুলশান এলাকায় ওয়াসার স্যুয়ারেজ ব্যবস্থা ভাল না। তিনি স্যুয়ারেজ ব্যবস্থা আরও কার্যকর করার জন্য ঢাকা ওয়াসার সহযোগিতা কামনা করেন। বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে তিনি সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর সহযোগিতা চেয়ে বলেন, ‘আমরা কোথায় বর্জ্য ফেলব তা খুঁজে পাচ্ছি না। বর্জ্য ফেলার কোন জায়গা নেই। এ জন্য বিভিন্ন সরকারী সংস্থাকে লিখেছি। তাদের বহু জায়গা বছরের পর বছর ধরে পড়ে আছে। তারা আমাদের অন্তত দুই বছরের জন্য দুই-তিন কাঠা জমি বরাদ্দ দিক। তাহলে আমরা আমাদের প্রতিশ্রুতি বাস্তবায়ন করতে পারব।’ -বিজ্ঞপ্তি যানজট নিরসনে ৯ সদস্যের কমিটি গঠন

ঢাকা দক্ষিণের মেয়র মোহাম্মদ সাঈদ খোকনের সভাপতিত্বে মঙ্গলবার কর্পোরেশনের প্রধান কার্যালয় নগর ভবনে ট্রাফিক ব্যবস্থাপনা বিষয়ে ডিএমপি'র সঙ্গে সভা অনিষ্ঠিত হয়। সভায় এয়ারপোর্ট হতে শাহবাগ পর্যন্ত সড়কে দীর্ঘ যানজট সমস্যা কমিয়ে আনার লক্ষ্যে পুলিশের যুগ্ম কমিশনার (ট্রাফিক) মোসলেহ উদ্দিন আহমেদকে আহ্বায়ক করে ৯ সদস্যের কমিটি গঠন করা হয়েছে। কমিটি এ সড়কে যানবাহন চলাচলের মূল সমস্যা মাঠপর্যায়ে জরিপের মাধ্যমে চিহ্নিত করে আগামী ১৫ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে। -বিজ্ঞপ্তি